দৈনিক বাংলা

তারিখ ৯/৫/৮২

পৃষ্ঠা

২০৭

129



পুলিশের সাবেক আইজি জনাব এ বি এম জি কিবরিয়া নয়া আই জি জনাব এম এম আর খানকে অভিনন্দন জানাচ্ছেন। জনাব খান সোমবার দায়িত্বভার গ্রহণ করেন। ছবিতে অতিরিক্ত আই জি জনাব ই এ চৌধুরী ও সহকারী আই জি জনাব এম এন হুদাকেও দেখা যাচ্ছে।

## নয়া আইজির দায়িত্ব গ্রহণ

পুলিশের নবনিযুক্ত ইন্সপেক্টর জেনারেল জনাব এম এম আর খান গতকাল তাঁর দায়িত্ব গ্রহণ করেছেন। এর আগে তিনি অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল ছিলেন।

জনাব খান ১৯২৭ সালের ১লা ফেব্রুয়ারী কুমিল্লা জেলার নবীনগর থানার রসুল্লাবাদ গ্রামে জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমএ পাস করার পর ১৯৫৩ সালে তিনি তদানীন্তন পাকিস্তান পুলিশ সার্ভিসে যোগদান করেন। জনাব খান লাহোরের প্রশাসনিক স্টাফ কলেজ এবং যুক্তরাজ্যে প্রশিক্ষণ গ্রহণ করেন।

উল্লেখ্য, সাবেক ইন্সপেক্টর জেনারেল জনাব এ বি এম জি কিবরিয়া পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেছেন।

এছাড়া সাবেক ডিআইজি (হেডকোয়ার্টার) জনাব এম হাবিবুর রহমানকে অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেলের পদে উন্নীত করে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার নিযুক্ত করা হয়েছে। তিনিও গতকাল সকালে নতুন দায়িত্ব গ্রহণ করেছেন।

মেট্রোপলিটন পুলিশের সাবেক কমিশনার জনাব এ আর খন্দকারকে অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেলের পদে উন্নীত করা হয়েছে। তিনিও গতকাল তাঁর নতুন দায়িত্ব গ্রহণ করেছেন।

সিআইডি'র ডিআইজি জনাব এ কে এম মুসলেহউদ্দিনকে অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেলের পদে উন্নীত করে স্পেশাল ব্রাঞ্চ-এর দায়িত্ব দেয়া হয়েছে। স্পেশাল ব্রাঞ্চ-এর সাবেক ডিআইজি জনাব এ কে এম সিরাজুল হক আনসার বাহিনীর ডিরেক্টর জেনারেল নিযুক্ত হয়েছেন।

আর্মড পুলিশ ব্যাটেলিয়নের ডিআইজি জনাব এ এস এম শাহজাহান সিআইডি এবং ডিআইজি জনাব আবদুল হাকিম আর্মড পুলিশ ব্যাটেলিয়নের দায়িত্ব গ্রহণ করেছেন।

পুলিশ পরিদফতরের সংবাদ বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়েছে।